



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

আইসিটি বিভাগ, ঢাকা।

স্মারক নম্বরঃ ১৮.১১.০০০০.০০০.৩৩৫.০৭.০০০১.২৫/১১৭

তারিখঃ ২১/০৪/২০২৬ খ্রিঃ

সংশোধিত বিজ্ঞপ্তি

সাধারণ সরবরাহকারী নতুন প্রতিষ্ঠান তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের আইসিটি বিভাগের অধীনে ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য সাধারণ সরবরাহকারী প্রতিষ্ঠান সমূহের নতুন/নবায়ন তালিকাভুক্তির লক্ষ্যে নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত আবেদনপত্র আহবান করা যাচ্ছেঃ

সাধারণ সরবরাহকারীঃ কম্পিউটারের খুচরা যন্ত্রাংশ, কনফারেন্সিং সিস্টেম, আইপি ও সিসিটিভি ক্যামেরা, ইলেক্ট্রনিক্স যন্ত্রপাতি, ইউপিএস, ইন্টারনেট ক্যাবল, ইন্টারনেট সুইচ ইন্টারনেট সামগ্রী, সার্ভার ও সার্ভার রুম সংশ্লিষ্ট যন্ত্রাংশ, হার্ডওয়ার ডিভাইস ইত্যাদি সহ আইসিটি বিষয়ক মালামালসমূহ।


২। আগ্রহী প্রতিষ্ঠান আগামী ০৭/০৪/২০২৬ তারিখ হতে আবেদন ফরম ক্রয় করতে পারবে। আবেদন ফরমের মূল্য বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র (অফেরৎযোগ্য) বাঅনৌপ-কর্তৃপক্ষের হিসাব বিভাগ ক্যাশ শাখায় (৯ম তলা), ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকায় জমা প্রদান পূর্বক জমা রশিদসহ ০৬/০৫/২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে ফরম সংগ্রহ করা যাবে।

৩। আবেদনপত্রের সাথে নতুন তালিকাভুক্তি ফি বাবদ ৫,০০০/- টাকা ও উক্ত টাকার উপর ১৫% ভ্যাট বাবদ ৭৫০/- টাকা (মহিলা উদ্যোক্তা ও মালিকানার ক্ষেত্রে নতুন তালিকাভুক্তি ফি বাবদ ৩,০০০/- টাকা ও উক্ত টাকার উপর ১৫% ভ্যাট বাবদ ৪৫০/- টাকা) এবং নবায়ন ফি বাবদ ২,০০০/- টাকা ও উক্ত টাকার উপর ১৫% ভ্যাট বাবদ ৩০০/- টাকা (আইসিবি ইসলামী ব্যাংক পিএলসি, ন্যাশনাল ব্যাংক পিএলসি, পদ্মা ব্যাংক পিএলসি, বাংলাদেশ কমার্স ব্যাংক পিএলসি, গ্লোবাল ইসলামী ব্যাংক পিএলসি, ইউনিয়ন ব্যাংক পিএলসি, ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক পিএলসি, সোশ্যাল ইসলামী ব্যাংক, সম্মিলিত ইসলামী ব্যাংক, ব্যতীত) যে কোন তফসিল ব্যাংকে পে-অর্ডারের মাধ্যমে বিআইডব্লিউটিএ'র অনুকূলে জমা দিতে হবে। পে-অর্ডারে শুধুমাত্র “বাঅনৌপ-কর্তৃপক্ষ” অথবা “বিআইডব্লিউটিএ” লিখতে হবে। উল্লেখ্য যে, যাচাই-বাছাইয়ের মাধ্যমে যে সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তির আবেদনপত্র কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হবে না সে সকল প্রতিষ্ঠানের পে-অর্ডার ফেরৎ প্রদান করা হবে।

৪। সীল মোহরকৃত আবেদনপত্র মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, আইসিটি বিভাগ, বাঅনৌপক, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ (৩য় তলা), ঢাকায় ০৭/০৫/২০২৬ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত আবেদনপত্র জমা প্রদান করা যাবে।

৫। নির্ধারিত সময়ের পর কোনক্রমেই আবেদনপত্র গ্রহণ যোগ্য নয়।

৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহন অথবা বাতিল কিংবা সকল আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(ছোটন শীল)

মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার
আইসিটি বিভাগ